

সংবাদ বিজ্ঞপ্তি

নিউ এইজ পত্রিকা অফিসে বেআইনি পুলিশি অভিযানের তীব্র নিন্দা ও প্রতিবাদ

গত ২৮শে ডিসেম্বর সন্ধ্যায় দৈনিক নিউ এইজ অফিসে বিনা পরোয়ানায় জোরপূর্বক তল্লাশি চালাতে পুলিশি অভিযানের ঘটনায় আমরা গভীরভাবে উদ্ভিগ্ন বোধ করছি। কোনো ধরনের যুক্তিসঙ্গত কারণ ছাড়া এমন পুলিশি অভিযান বস্তুনিষ্ঠ সাংবাদিকতা ও সংবাদপত্রের স্বাধীনতার জন্য গুরুতর হুমকি। এটা অনুমান করা যায় যে, এই তল্লাশি অভিযান কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়, বরং সারা দেশে চলমান নাগরিক অধিকার দলনের অংশ হিসেবেই সংবাদমাধ্যমকে আতঙ্কিত করার উদ্দেশ্যে পরিকল্পিতভাবে পরিচালনা করা হয়েছে। টানা ২০ মিনিট ধরে পরিচালিত তল্লাশির নামে কর্মরত সাংবাদিকদেরকে পুলিশি ধমক, ভীতি প্রদর্শনের মতো এই ঘটনা কোনো ভুলবশত ঘটেনি। আমরা মনে করি টক-শোগুলোতে রাষ্ট্রের মধ্যে বিভিন্নমুখী বৈষম্য-নির্যাতন-নিপীড়ন-অন্যায়-অন্যায় চর্চা ও তৎপরতাসহ নানাবিধ প্রসঙ্গে নিউ এইজ-এর সম্পাদক নুরুল কবীরের তীক্ষ্ণ বিশ্লেষণ, স্পষ্টবাদিতা, আর কাউকে-তুষ্ট-না করতে-চাওয়ার অভিব্যক্তি, ক্ষমতার বিভিন্ন অংশীদারীদের দাপট টিকিয়ে রাখার জন্য প্রতিবন্ধক হয়ে ওঠার সঙ্গে এই তল্লাশি অভিযানের সম্পর্ক থাকতে পারে।

উপরন্তু, আমরা এও মনে করি যে, এ অভিযান শুধু একজন সাহসী ও সত্যবাদী সম্পাদক ও তার পত্রিকাকে লক্ষ্য করে করা হয়নি, এর মধ্য দিয়ে মত প্রকাশের স্বাধীনতা ও নাগরিক অধিকারের প্রতি আতঙ্কজনক বার্তা প্রদান করা হয়েছে। শিল্প পুলিশের মতো বিশেষায়িত বাহিনী দ্বারা কোনো সংবাদপত্র কার্যালয়ে পরোয়ানা ছাড়া তল্লাশি চালানো আইন ও নাগরিক অধিকারের সুস্পষ্ট লংঘন বলে আমরা মনে করি। নাগরিক অধিকার দলন ও সংবাদপত্রের স্বাধীনতার জন্য এই নিন্দনীয় ঘটনার প্রতিবাদ করার পাশাপাশি আমরা দায়ী পুলিশ কর্মকর্তার শাস্তি এবং এমন ঘটনার জন্য দায়িত্বশীল কর্তৃপক্ষের কাছ থেকে নিঃশর্ত ক্ষমা প্রার্থনা দাবি করছি।

ক্রমিক নং	নাম	পরিচয়	ফোন নম্বর
--------------	-----	--------	-----------